1934 I 1597 500 Rs.

INDIA NON JUDICIAL

৫০০রু. Rs 500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

... as amended by Act II ... 1938 and section 32 (1) of ... Act 1911 ... 23

Rs. As.

... Duty paid under ... Stamp Act as ... by Act XI of ... 292.50

... Duty paid ... Calcutta ... Act ... 260.00

Paid in ...

Total ... 552.50

Fees Paid
A 54.00
J 1.00
55.00

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS
6-3-63

মং ১৩০০০.০০ তের হাজার টাকা পণ মূল্যের

নাফ বিক্রয় কোবালা ।

কোবালা গ্রহীতা ঃ- ১। শ্রীমতী সুহাসিনী দেবী, স্বামী স্বর্গীয় সুরেশ চন্দ্র চক্রবর্ত্তী

২। শ্রী দেবেশ চন্দ্র চক্রবর্ত্তী

৩। শ্রী কালী দাস চক্রবর্ত্তী,

৪। শ্রী ধীরেশ চন্দ্র চক্রবর্ত্তী,

৫। শ্রী সন্তোষ কুমার চক্রবর্ত্তী,

৬। শ্রী গৌর চক্রবর্ত্তী, ওরফে মনি লাল চক্রবর্ত্তী,

সকলের পিতা স্বর্গীয় সুরেশ চন্দ্র চক্রবর্ত্তী,

৭। শ্রীমতী রাধারাণী চ্যাটার্জ্জি, স্বামী স্বর্গীয় সুশীল কুমার চ্যাটার্জ্জি, সর্ব্ব জাতি হিন্দু ব্রাহ্মণ, পেশা বিষয় ভোগী ও চাকুরী, হাল সাকিম ১৯১২ নং বৈষ্ণবঘাটা রোড্, থানা সদর টালিগঞ্জ, হাল যাদবপুর কলিকাতা- ৪৭ ।

কোবালা দাতা ঃ- শ্রী প্রভাকর ভট্টাচার্য্য, পিতা স্বর্গীয় মোহিত কুমার ভট্টাচার্য্য জাতি হিন্দু ব্রাহ্মণ, পেশা বিষয়ভোগী, সাকিম ২৯। সি নং বৈষ্ণবঘাটা রোড্, থানা সদর টালিগঞ্জ, হাল যাদবপুর, কলিকাতা- ৪৭ ।

কস্য নিম্ন তপশীল

12726
Suhasini Debi.
19/2 Baisnabghata Road Cal

13.3.64

2500 ✓
50 ✓
2.50 ✓

552.50 ✓

[signature]

Presented for registration ... 1/45 ... P.M. on the 6th ... March 64 at the office of the Sub-Registrar Alipore Sadar
Prawakar Bhattacharjee
... executant or claimant or attorney ...
... Power of attorney ... authenticated by the ...

Execution is admitted by
Prawakar Bhattacharjee
son of Late Mohit Kumar Bhattacharjee
of 21/C Baisnabghata Road
Cal. 47
Hindu by profession Landlord.

[signature] 6-3-64
Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS

[signature]



2161

Identified by
Prakash C. Bhattacharjee
son of Prawakar Bhattacharjee
of the same place
Hindu by profession Service.

[signature]

[signature] 6-3-64
Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS

50Rs.






তপশীল বর্ণিত মধ্যস্বত্বাধিকারী নিস্কর স্বত্বের খাস দখলিয় বাস্তু জমি মায় সর্ব্ব প্রকার ইজমেন্ট ও বর্ত্মস্বত্বাদি ও আওলাতাদি ও বৃক্ষাদি সহ সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল যাদবপুর সাবরেজিষ্ট্রারী আলিপুর, কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত বৈষ্ণবঘাটা রোড্স্থিত ২১১সি নং হোল্ডিং ভুক্ত পরগণা খাসপুর, ১৫১ ও ৫৬ নং তৌজি ভুক্ত , জেঃ এলঃ নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা গ্রামে অবস্থিত মধ্যস্বত্বের ৩২৮।১ নং খতিয়ানের ১১৫ নং দাগের ভূমি ও অন্যান্য আরও বহু সম্পত্তি আমি কোবালা দাতার ও আমার অপর সরিক এবং অংশীদার শ্রী দিবাকর ভট্টাচার্য্যের , শ্রীমতী উষাঙ্গিনী দেবীর ও এক্ষণে মৃত হরি চরণ ভট্টাচার্য্য মহাশয়ের পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত এজমাল স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে, এবং পরে উক্ত পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত সম্পত্তি সমূহ এজমালে ভোগদখল করার নানারূপ অসুবিধা উপস্থিত দেখা দেওয়ায় আমি কোবালা দাতা ও আমার উপরোক্ত সরিক গণ মধ্যে উক্ত পৈতৃক সম্পত্তি সমূহ বিগত ইংরাজী ১৯৫৫ সালের ৮ ই অক্টোবর তারিখে একখণ্ড রেজিষ্ট্রারী কৃত

12726
Sutasini Debi
19/2 Baisnabghata Road

3.3.64

500
50
2-50

552-50

12
6.3.63

Sub-Registrar of Alipore
24 PARGANAS

2Rs.50nP

INDIA

दो रुपये पचास नये पैसे

दो रुपये पचास नये पैसे

TWO RUPEES भारत FIFTY NAYE PAISE



কৃত বন্টন নামা দলিল মূলে ( যাহার ১৯৫৫ সালের আলিপুর সবরেজিষ্ট্রারী অফিসের ১ নং বুকে ১৩১ নং ভল্যুমে পৃষ্ঠা ১ হইতে ১৬ নং পৃষ্ঠায় ৭৪৭৭নং দলিল রূপে রেজিষ্ট্রী হইয়াছে ) আপোষে বিভাগ বন্টন হয়, এবং উক্ত বিভাগ বন্টন মতে অন্যান্য সম্পত্তি সহ উপরোক্ত বৈষ্ণবঘাটা মৌজার চিরস্থায়ী মধ্যস্বত্বের ৩২৮।১ নং খতিয়ান ভুক্ত ১১৫ নং দাগের ‘১১ শতক স্থানীয় মাপে কমবেশী ।৬।।৵০ ছয় কাঠা দশ ছটাক বাস্তু জমি মধ্যে এজমালী কমন প্যাসেজ বাবদ ৷৷৹ আট ছটাক জমি বাদে বক্রি কমবেশী ।৬৵০ ছয় কাঠা দুই ছটাক জমি মধ্যে চিহ্নিত মতে কমবেশী ।৫।।০ পাঁচ কাঠা আট ছটাক জমি আমি কোবালা দাতা একক ষোল আনা রকমে নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া অন্যের বিনা সংস্রবে নিরাপত্তে নির্ব্বিবাদে তাহাতে নিজ স্বত্ব দখল পরিচালনা করিয়া ভোগবান ও দখলিকার থাকা অবস্থায় পূর্ব্বে ৷২।৵০ দুই কাঠা ছয় ছটাক জমি শ্রী সুবোধ চন্দ্র চক্রবর্ত্তী মহাশয়কে বিক্রয় বাদে অবশিষ্ট সমুদয় কমবেশী ৷৩৵০ তিন কাঠা দুই ছটাক জমিতে

1272-6

Suhasini Dalei .......

19/2 Baisnabghata Road

3. 3. 64 [signature]

500 ✓
50 ✓
2.50 ✓
552.50 ✓

6.3.63

...istrar of Alipore,
... PARGANAS

জমিতে আমি স্বত্ববান দখলিকার আছি।

একণে আমার কন্যার বিবাহের খরচাদির জন্য ও অন্যান্য বৈষয়িক কারণে আমার নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় আমি আমার বন্টন নামা দলিল মূলে প্রাপ্ত স্বত্ব দখলিয় উপরোক্ত বৈষ্ণবঘাটা মৌজার ৩২৮১ নং খতিয়ান ভুক্ত মধ্যস্বত্বের ১১৫ নং দাগের নিম্ন তপশীলের বিশেষ ভাবে বর্ণিত ও চৌহদ্দি ভুক্ত এবং অত্র সহ প্রদত্ত প্ল্যানের লাল রং এর বর্ডার দ্বারা পরিবেষ্টিত স্থানীয় মাপে কমবেশী ৩/২ তিন কাঠা দুই ছটাক জমি বিক্রয় করিবার ইচ্ছা ঘোষণা করিলে আপনারা কোবালা গ্রহিতাগণ বর্ত্তমান সর্ব্বোচ্চ বাজার দর বেলমোক্তা মং ১৩০০০.০০ তের হাজার টাকা পণ মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে আমি কোবালা দাতা আপনাদের উক্ত প্রস্তাবে স্বেচ্ছায় স্বীকৃত ও সম্মত হইয়া অদ্য তারিখে আপনাদের নিকট হইতে পণ মূল্যের সমূদয় মং ১৩০০০.০০ তের হাজার টাকা নিম্ন তপশীলের জায়মত নগদ বুঝিয়া পাইয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে উপরোক্ত ও নিম্ন তপশীলের বিশেষ ভাবে বর্ণিত ও চৌহদ্দিস্থিত ও অত্র সহ প্রদত্ত প্ল্যানের লাল রং এর বর্ডার দ্বারা চিহ্নিত ও পরিবেষ্টিত স্থানীয় মাপে কমবেশী ৩/২ তিন কাঠা দুই ছটাক জমি মায় সর্ব্ব প্রকার ইজমেন্ট ও বর্ত্ম স্বত্বাদি ও আওলাতাদি ও বৃক্ষাদি সহ দরবস্তু হক হকুক সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অত্র সাফ কোবালা দ্বারা আপনাদিগকে বিক্রয় করিয়া দিয়া ওয়ারিশান ক্রমে চিরতরে স্বত্বত্যাগী ও দখলচ্যুত হইলাম, এবং উহার দখল আপনাদিগকে ছাড়িয়া দিলাম। আপনারা অদ্য হইতে অত্র কোবালা ভুক্ত বিক্রিত জমিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও ভোগদখলিকার হইয়া নিজ নিজ নাম পত্তন করিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর করিবার ক্ষমতা যুক্ত পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলবর্ত্তীগণ ক্রমে যদৃচ্ছা

6.3.63

Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS

যদৃচ্ছা পরম সুখে ভোগদখল করিতে থাকুন । তাহাতে আমি কিংবা আমার ওয়ারিশান ও স্থলবর্ত্তীগণ কস্মিন কালেও কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবে না । করিলেও তাহা সর্বত্র সর্বত ভাবে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে । এতদ্বারা আমি আরও স্বীকার ও প্রকাশ করিতেছি যে, নিম্ন তপশীলের বর্ণিত বিক্রিত জমি ইতি পূর্ব্বে দান, বিক্রয়, বন্ধক, প্রজা বিলি প্রভৃতি দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধকরি নাই, বা উহা বিক্রয় করিবার জন্য আমি ইতি পূর্ব্বে অপর কাহারও সহিত কোন চুক্তি বা বায়না করি নাই । উক্ত বিক্রিত জমি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে, এবং উহা বিক্রয় করিবার আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব দখল বিদ্যমান ও অক্ষুন্ন আছে ।

উপরোক্ত উক্তি সমূহের কোন উক্তি মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে প্রবঞ্চনার জন্য আমি আইনতঃ দণ্ডনীয় হইব, অধিকন্তু বিক্রিত জমিতে আমার স্বত্ব দখলের কোনরূপ ন্যূনতা বা হীনতা থাকা প্রকাশ পাইলে এবং তদজন্য আপনাদের খরিদা স্বত্ব দখলের কোনরূপ বাধা বিঘ্ন উপস্থিত হইলে বা আপনাদের কোনরূপ ক্ষতি খেসারত হইলে অবস্থানুসারে আংশিক অথবা সমূদয় পণের টাকা মায় সুদ সহ ফেরত দিতে এবং আপনাদের যাবতীয় ক্ষতি পূরণ করিতে আমি ওয়ারিশান ক্রমে দায়ী ও বাধ্য রহিলাম । আমার বন্টন নামা দলিলে আমার আরও অন্যান্য সম্পত্তি থাকায় আপনাদিগকে উক্ত দলিল দিতে পারিলাম না । আপনাদের প্রয়োজন বোধে উক্ত বন্টন নামা দলিল আপনাদিগকে দিতে আমি ওয়ারিশান ক্রমে বাধ্য রহিলাম । অত্র দলিলের কোনরূপ ভুল ত্রুটি থাকা প্রকাশ পাইলে আমি আপনাদের খরচায় বিনা পণে সংশোধনী দলিল সম্পাদন ও রেজিষ্ট্রারী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

6.3.63
Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে অন্যের বিনা অনুরোধে অত্র দলিলের যাবতীয় মর্ম্ম পাঠ করিয়া ও ভালরূপ বুঝিয়া এবং অত্র দলিলের যাবতীয় সর্ত্তে বাধ্য থাকিয়া অত্র দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রারী করিয়া দিলাম। ইতি সন ১৩৭০ সালের ২২ শে ফাল্গুন, ইংরাজী সন ১৯৬৪ সালের ৬ ই মার্চ্চ।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ, হাল যাদবপুর, সবরেজিষ্ট্রী আলিপুর, কলিকাতা কর্পোরেশন অনুর্গত, বৈষ্ণবঘাটা রোডস্থিত ২১। সি নং হোল্ডিং ভুক্ত, পরগণা খাসপুর, ১৫১ নং ও ৫৬ নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ২৮, মৌজা বৈষ্ণবঘাটা গ্রামে অবস্থিত চিরস্থায়ী মধ্যস্বত্বের নিস্কর স্বত্বের ৩২৮।১ নং খতিয়ান ভুক্ত ১১৫ একশত পনের নং দাগে ·১১ শতক বাস্তু জমি স্থানীয় মাপে ।৬।।৵০ ছয় কাঠা দশ ছটাক জমি মধ্যে কমন প্যাসেজ বাবদ ৵।।০ আট ছটাক জমি বাদে বাকি ।৬৵০ ছয় কাঠা দুই ছটাক জমি মধ্যে পার্টিশান দলিল মূলে ও তৎসংলগ্ন প্রদত্ত প্ল্যানের ভায়োলেট রং দ্বারা রঞ্জিত ও চিহ্নিত ও চারি চৌহদ্দি ভুক্ত মতে কমবেশী ।৫।।০ পাঁচ কাঠা আট ছটাক জমি হইতে পূর্ব্বে বিক্রিত ৵২।৵০ দুই কাঠা ছয় ছটাক জমি বাদে অবশিষ্ট সমুদয় কমবেশী ৵৩৵০ তিন কাঠা দুই ছটাক অর্থাৎ ইংরাজী মাপে কমবেশ ·০৫½ শতক জমি যাহা অত্র সহ প্রদত্ত প্ল্যানের লাল রং এর বর্ডার দ্বারা চিহ্নিত ও পরিবেষ্টিত করা হইয়াছে, তাহা সায় সর্ব্ব প্রকার বর্ত্ত স্বত্ব ও ইজমেন্ট স্বত্ব ও আওলাতাদি ও বৃক্ষাদি সহ বিক্রিত জমি হইতেছে।

উক্ত বিক্রিত জমির চৌহদ্দি ঃ-

6-3-63

Sub-Registrar of Alipore.
Dist. 24 PARGANAS

উক্ত বিক্রিত জমির চৌহদ্দি ঃ-

উত্তর ঃ- দাতার নিজ জমি ।

পূর্ব্ব ঃ- দাতার জমি ও সুবোধ চন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ের উক্ত ১১৫ নং দাগের খরিদা জমি ।

দক্ষিণ ও পশ্চিম ঃ- বৈষ্ণবঘাটা রোড্ ।

তপশীল টাকার জায় ঃ-

অদ্য তারিখে -

১০০.০০ একশত টাকার নোট হিসাবে ১৩০ কেতা - - ১৩০০০.০০ টাকা

মোট - ১৩০০০.০০ টাকা

মবলগে তের হাজার টাকা মাত্র ।

ইসাদী ঃ-

শ্রী কেতনকুমার ভট্টাচার্য্য
২১৭ বৈষ্ণবঘাটা রোড কলি: ৪৭

শ্রী [illegible]
২১১সি, বৈষ্ণবঘাটা রোড, কলি:- ৪৭

Jadu Nath Sarkar
Pleader
Alipore.

টাইপকারক ঃ-
শ্রী [illegible]
আলিপুর পুলিশ কোর্ট ।

6.3.63
Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS

তারিখ –

সন ১৩৭০ সালের ২২ শে ফাল্গুন,
সন ১৯৬৪ সালের ৬ ই মার্চ্চ।

মং ১৩০০০·০০ তের হাজার টাকা পণ
মূল্যের সাফ বিক্রয় কোবালা।

কোবালা গ্রহিতা ঃ–

১। শ্রীমতী সুহাসিনী দেবী,
২। শ্রী দেবেশ চন্দ্র চক্রবর্ত্তী,
৩। শ্রী কালী দাস চক্রবর্ত্তী,
৪। শ্রী ধীরেশ চন্দ্র চক্রবর্ত্তী,
৫। শ্রী সন্তোষ কুমার চক্রবর্ত্তী,
৬। শ্রী গৌরি চক্রবর্ত্তী, ৬ঃ মনি লাল চক্রবর্ত্তী,
৭। শ্রীমতী রাধারাণী চ্যাটার্জ্জি।

কোবালা দাতা ঃ–

শ্রী প্রভাকর ভট্টাচার্য্য।

মুসাবিদাকারক ঃ–

শ্রীযুক্ত বাবু যদু নাথ সরকার
এ্যাড্‌ভোকেট
আলিপুর জজ কোর্ট, কলিকাতা – ২৭।

টাইপকারক ঃ–

গোবিন্দমোহন দত্ত,
আলিপুর পুলিশ কোর্ট, কলিঃ ২৭।

6-3-63
Sub-Registrar of Alipore,
24 PARGANAS

Sub-Registrar of Alipore,
24 PARGANAS
7.3.64

2186
6737/64